



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২ জানুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৩৭ টি উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে নবম শ্রেণী এবং ৯টি প্রাথমিক ও কিন্ডারগার্টেন স্কুলে শিশু শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে পাঠ্যবই বিতরণ উৎসব অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৩৭ টি উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে নবম শ্রেণী এবং ৯টি প্রাথমিক ও কিন্ডারগার্টেন স্কুলে শিশু শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রদত্ত নতুন পাঠ্যবই বিতরণ করা হয়েছে। চসিক এর নতুন বই বিতরণ উৎসব ১ জানুয়ারি ২০১৮ খ্রি. বেলা ১১ টায় নগরীর জামালখান কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। ২০১৮ সনের বিনামূল্যে নতুন পাঠ্যবই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ২১ নং জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন। অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক চম্পা মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত পাঠ্য বই বিতরণ উৎসবে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন ও জন সংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন অত্র বিদ্যালয়ের শিক্ষক এ এ এম সোহাইল। পাঠ্যবই বিতরণ উৎসবে অতিথিবৃন্দ বলেন, বাংলাদেশ একমাত্র দেশ যে দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনামূল্যে পাঠ্যবই একদিনে বিতরণ করে ইতিহাস সৃষ্টি করেছেন। তাঁরা শিক্ষার্থীদেরকে সুনাগরিক ও আদর্শ মানুষ হিসেবে নিজেদের গড়ে তোলার পরামর্শ দেন। পরে অতিথিবৃন্দ শিক্ষার্থীদের হাতে নতুন বছরের পাঠ্যবই তুলে দেন।

চট্টগ্রাম- ২ জানুয়ারি ২০১৮খ্রি.

কাউলী নুরুল হক চৌধুরী উচ্চ বিদ্যালয়ে বই উৎসবে ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম নগরীর কাউলী নুরুল হক চৌধুরী উচ্চ বিদ্যালয়ে বই উৎসব ১ জানুয়ারি ২০১৮ খ্রি. সকালে অনুষ্ঠিত হয়। এ উৎসবে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু। বই বিতরণ উৎসবে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা প্রশাসক মোহাম্মদ জিল্লুর রহমান চৌধুরী। এছাড়াও এ উৎসবে চট্টগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হোসনে আরা বেগম, অত্র

স্কুল গভর্নিং বডির সদস্য আব্বাস রশিদ, নূরুন নবী, হায়দার আলী, লোকমান আলী সহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দিন আহমেদ সভাপতির বক্তব্যে বলেন, বাংলাদেশ আলোকিত নাগরিক গড়ে তোলার লক্ষ্যে শিক্ষা খাতে সরকার ভর্তুকি দিয়ে প্রতি বছর কোটি কোটি শিক্ষার্থীর হাতে বিণামূল্যে পাঠ্যবই বিতরণ করছে। যা ইতিহাসে বিরল ঘটনা। তিনি শিক্ষার্থীদের আলোকিত মানুষ হওয়ার উপদেশ দিয়ে বলেন, নীতি নৈতিকতা সম্পন্ন মানবিক মূল্যবোধের মানুষ না হলে দেশ ও জাতির কোন উপকার হবে না। ভারপ্রাপ্ত মেয়র সকলকে সু-শিক্ষায় শিক্ষিত হওয়ার আহবান জানান। পরে প্রধান অতিথি ও সভাপতি শিক্ষার্থীদের হাতে সরকার প্রদত্ত নতুন পাঠ্যবই তুলে দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা